শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২) ৯৯৬৬৯৫৩২৩, ফ্যাক্স-০২-৯৯৬৬৯৫৩১৬, ৯৯৬৬৯৫৩৩৩, পিএবিএক্স: ৯৯৬৬৯৫৩১০-১৪
BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN AGRICULTURAL UNIVERSITY
GAZIPUR-1706, BANGLADESH. TELEPHONE-(02) 996695323, FAX-880-02-996695316, 996695333, PABX- 996695310-14, WEB-www.bsmrau.edu.bd

স্মারক নং- বশেমুরকৃবি/কৃ.আ./জনবল/২০২২/০৮ তারিখ: ১৮/১২/২০২২ ইং

নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তির সংশোধনী

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের এগ্রোমিটিওরোলজী বিভাগে বিশ্ব ব্যাংক এর অর্থায়নে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প" এর অধীনে **প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য** (১২ মাস) নিম্নোক্ত পদসমূহে **সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে** জনবল নিয়োগের জন্য প্রাপ্তবয়স্ক প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হয়েছে।

নং	পদের নাম, বেতনক্রম ও সর্বসাকুল্য বেতন	পদসংখ্যা
১.	ফিল্ডম্যান (৳ ১২৫০০-৩০২৩০) বেতন স্কেলে সর্বসাকুল্য বেতন: ৳ ২০,৭৫০/- (বিশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র	১
২.	হিসাবরক্ষক (৳ ১১০০০-২৬৫৯০) বেতন স্কেলে সর্বসাকুল্য বেতন: ৳ ১৮,৫০০/- (আঠার হাজার পাঁচশত) টাকা মাত্র	১

উপরোল্লিখিত পদসমূহের জন্য নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ছিলো: ১৫/১২/২০২২ বিকাল ৫:০০টা। অনিবার্য কারণবশত এই সময়সীমা আগামী ২৯/১২/২০২২, বৃহস্পতিবার বিকাল ৫:০০টা পর্বন্ত বর্ধিত করা হলো। তবে যারা ইতোমধ্যে দরখাস্ত জমা দিয়েছেন তাদের নতুন করে দরখাস্ত জমা দেওয়ার প্রয়োজন নাই।

আবেদনের নির্ধারিত ফরম (Prescribed Form), নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে, এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (bsmrau.edu.bd) থেকে ডাউনলোড করা যাবে।

-স্বা:-
(প্রফেসর নাসিমুল বারী)
বিভাগীয় প্রধান,
এগ্রোমিটিওরোলজী বিভাগ
বশেমুরকৃবি, গাজীপুর-১৭০৬

১৮/১২/২০২২ তারিখের বশেমুরকৃবি/কৃ.আ./জনবল/২০২২/০৮ সংখ্যক স্মারকে প্রকাশিত সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তির বিস্তারিত তথ্য ও শর্তাবলী এবং বর্ণিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

নিয়োগের শর্তাবলী:

১. এ নিয়োগ হবে সম্পূর্ণ অস্থায়ী অর্থাৎ প্রকল্পটির মেয়াদ সমাপ্তির সাথে সাথে এ নিয়োগের অবসান ঘটবে।

২. প্রকল্প সমাপ্তির পর নিয়োগ অবসানকৃত ব্যক্তি কোন অবস্থাতেই বিশ্ববিদ্যালয়ে কোন প্রকার চাকুরী দাবী করতে পারবে না।

৩. নিয়োগ প্রাপ্তদের বেতন-ভাতাদি উল্লেখিত প্রকল্প হতে বহন করা হবে এবং এতে বিশ্ববিদ্যালয়ের কোনরূপ আর্থিক সংশ্লেষ থাকবে না। প্রকল্পে উল্লেখিত বিধি-বিধান মোতাবেক সর্বসাকুল্য বেতন (Consolidated pay) প্রদান করা হবে।

৪. নিয়োগপ্রাপ্তগণ প্রকল্পের বিধি মোতাবেক উৎসব ভাতা প্রাপ্য হবেন।

আবেদনের শর্তাবলী:

১. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদত্ত নির্ধারিত ফরমে ১ (এক) সেট আবেদনপত্র প্রধান, এগ্রোমিটিওরোলজী বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৬ এর বরাবর A4 সাইজের কাগজে দাখিল করতে হবে।

২. আবেদনপত্রের সাথে- ১) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র; ২) নম্বরপত্র; ৩) প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; ৪) ইউপি চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র; ৫) জাতীয় পরিচয়পত্র; ৬) অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদপত্র (যদি থাকে) তবে, প্রতিটি পদের নিয়োগপত্র ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রদত্ত ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে); ৭) সরকারী/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান/সরকার অনুমোদিত বা স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র; ইত্যাদির সত্যায়িত ফটোকপি ক্রমানুসারে A^4 সাইজের কাগজে সংযোজন করতে হবে।

৩. প্রার্থীকে সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি সত্যায়িত করতঃ এবং স্ট্যাম্প সাইজের ১ (এক) কপি ছবি (সত্যায়ন ছাড়া) মূল আবেদনপত্রের উপরে (ডানদিকে) সংযুক্ত করতে হবে। পাসপোর্ট সাইজের ছবির পিছনে প্রার্থীর নাম এবং পদের নাম অবশ্যই লিখতে হবে।

৪. প্রার্থীকে ১০০০/-(এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফ্ট (অফেরতযোগ্য) বিভাগীয় প্রধান, Agrometeorology বিভাগ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের অনুকূলে, সোনালী ব্যাংক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর শাখার উপর দাখিল করতে হবে। ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার ছাড়া কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

৫. খামের উপর পদের নাম ও প্রেরকের ঠিকানা উল্লেখ করতে হবে। চাকুরীরত প্রার্থীদের-কে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৬. নির্ধারিত ফরম ব্যতীত এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত তারিখ ও সময় (২৯/১২/২০২২ বিকাল ৫:০০টা) এর পর হাতে হাতে/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে/অন্য কোন মাধ্যমে আসা আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৭. প্রযোজ্য ক্ষেত্রে সরকারি নিয়ম অনুযায়ী বিভিন্ন কোটা অনুসরণ করা হবে। তবে কোটার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রের সত্যায়িত ফটোকপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা অনধিক ৩২ বছর।

৮. প্রাপ্ত সকল আবেদনপত্র প্রাথমিক বাছাইয়ের পর কেবলমাত্র উপযুক্ত প্রার্থীদের লিখিত পরীক্ষা এবং মৌখিক সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। এর জন্য কোন প্রকার ভ্রমণ বা অবস্থান ভাতা দেয়া হবে না। পরীক্ষার তারিখ, সময় ও স্থান ই-মেইল ঠিকানায় পত্র মারফত/সংশ্লিষ্ট প্রার্থীর বর্তমান ঠিকানায় ডাকযোগে অথবা মোবাইল নম্বরে এসএমএস (SMS) মারফত জানানো হবে।

৯. অভিজ্ঞতা" অর্থ কোন পাবলিক বিশ্ববিদ্যালয় বা সমপর্যায়ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান অথবা কোন সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে রাজস্ব খাত বা প্রকল্পে চাকুরীকাল।

বিজ্ঞাপিত পদসমূহে নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে)

নং	পদের নাম, বেতনক্রম ও সর্বসাকুল্য বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে)
১.	ফিল্ডম্যান ৳ ১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে সর্বসাকুল্য বেতন: ৳ ২০,৭৫০ (বিশ হাজার সাতশত পঞ্চাশ)	ক) বিজ্ঞানে স্নাতক ডিগ্রি। অথবা, কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে ৪ বছর মেয়াদী কৃষি ডিপ্লোমা; খ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এবং ৪ (চার) এর মধ্যে ২.২৫ (দুই দশমিক দুই পাঁচ) এর নিচের জিপিএ/তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়; গ) সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে; ঘ) বয়সসীমা অনধিক ৩০ বছর।
২.	হিসাবরক্ষক ৳ ১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে সর্বসাকুল্য বেতন: ৳ ১৮,৫০০ (আঠার হাজার পাঁচশত)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রি; খ) শিক্ষা জীবনের কোন পর্যায়ে জিপিএ ৫ (পাঁচ) এর মধ্যে ২.৮০ (দুই দশমিক আট শূন্য) এবং ৪ (চার) এর মধ্যে ২.২৫ (দুই দশমিক দুই পাঁচ) এর নিচের জিপিএ/তৃতীয় বিভাগ/শ্রেণী গ্রহণযোগ্য নয়; গ) সরকারি/স্বায়ত্তশাসিত/সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে; ঘ) বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্তশাসিত কিংবা প্রতিষ্ঠানে হিসাব সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে; ঙ) বয়সসীমা অনধিক ৩০ বছর।

-স্বা:-

(প্রফেসর নাসিমুল বারী)
বিভাগীয় প্রধান,
এগ্রোমিটিওরোলজী বিভাগ
বশেমুরকৃবি, গাজীপুর-১৭০৬